

“ছেলে হোক, মেয়ে
হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নলছিটি, ঝালকাঠী।



www.fpo.nalchity.jhalakathi.gov.bd

স্মারক নং উপজে/পপ/নল/গ-৬৪/২০২৩/৪৪

তারিখঃ- ২৪/০১/২০২৩ ইং।


বিষয়ঃ- দপদপিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন।

আজ ২৪-০১-২০২৩ ইং তারিখে দপদপিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন করি। পরিদর্শনকালে এসএসিএমও এবং এমএলএসএসকে উপস্থিত পাওয়া যায়। কেন্দ্রটিতে পুরাতণ এবং সাম্প্রতিককালের বেশকিছু ওষুদ মেয়াদোত্তীর্ণ পাওয়া যায়।

কেন্দ্রটি সুষ্ঠুভাবে পরিচালনা এবং ওষুদপত্রের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিতকল্পে নিম্নোক্ত পরামর্শ প্রদান করা হয়।

- মেয়াদ থাকা এবং মেয়াদোত্তীর্ণ ওষুদগুলো অবশ্যই পৃথক করতে হবে এবং আলাদা জায়গায় সংরক্ষণ করতে হবে।
- মেয়াদোত্তীর্ণ ওষুদগুলো কোন তারিখে উপজেলা হতে গ্রহন করা হয়েছে এবং কবে তার মেয়াদ শেষ হয়েছে তার তারিখ লিপিবদ্ধ করে তালিকা করতে হবে। এবং যথাযথ নীতিমালা এবং নিয়মকানুন অনুসরণ করে মেয়াদোত্তীর্ণ ওষুদগুলো ধ্বংসের ব্যবস্থা নিতে হবে।
- FEFO (First Expiry First Out) পদ্ধতি অবশ্যই অনুসরণ করতে হবে। যে ওষুদগুলোর মেয়াদ আগে শেষ হবে সেগুলো অবশ্যই আগে বিতরণের ব্যবস্থা করতে। আলমিরাতে ওষুদগুলো মেয়াদ অনুযায়ী সাজাতে হবে।
- যদি কোনো ওষুদ বেশি পরিমাণে থাকে এবং মেয়াদ কম থাকে তবে একই ইউনিয়নে অবস্থিত এমসিডব্লিউসি'র সঙ্গে সমন্বয় করতে হবে। প্রয়োজনে ঘণবসতিপূর্ণ এলাকায় বিশেষ ক্যাম্প করে স্থানীয়দের প্রয়োজন অনুযায়ী ওষুদ বিতরণ করা যেতে পারে। এফপিআই/এফডব্লিউএ গণের উঠান বৈঠকের সময় ওষুদ বিতরণের ব্যবস্থা নেয়া যেতে পারে। তাতেও সমন্বয় করা না গেলে অন্য কোনো এফডব্লিউসি বা অলাভজনক সেবা সংস্থার সঙ্গেও সমন্বয় করা যেতে পারে।

- কোনো অবস্থাতেই ওষুধগুলো যাতে মেয়াদোত্তীর্ণ না হয়ে সে ব্যাপারে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। যদি চলতি ডি অ্যান্ড ডিএস কিটের মধ্যে মেয়াদোত্তীর্ণ ওষুধ থাকে তবে তা আলাদা করে ফেলতে হবে এবং উপজেলাকে অবহিত করতে হবে।
- সামগ্রিকভাবে কেন্দ্রটির সব ধরনের রেজিস্ট্রার/আইসিআর আপডেট রাখতে হবে এবং ব্যবস্থাপনা আরও জোরদার করতে হবে।



(মোঃ আল আমিন মোল্যা)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার

নলছিটি, ঝালকাঠি।

দপদপিয়া, নলছিটি, ঝালকাঠি।

স্মারক নং- উপজে/পপ/নল/গ-৬৪/২০২৩/৪৪

তারিখঃ ০৮/০৪/২০২১ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- ১। উপ- পরিচালক, পরিবার পরিকল্পনা, ঝালকাঠি।
- ২। মেডিকেল অফিসার (এমওএমসিএইচ-এফপি), নলছিটি, ঝালকাঠি।



(মোঃ আল আমিন মোল্যা)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

নলছিটি, ঝালকাঠি।

